

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ  
মূলধন মার্কেট অধিশাখা

নং-৫৩.০১৪.০৩১.০১.০০.০০১.২০১২-৫০

তারিখঃ ৭ ফাল্গুন ১৪১৮ বঙ্গাব্দ  
১৯ ফেব্রুয়ারি ২০১২ খ্রিষ্টাব্দ


বিষয়ঃ পুঁজিবাজার সংক্রান্ত সিদ্ধান্ত/বক্তব্য দেয়ার ক্ষেত্রে সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের সাথে আলোচনা, পরামর্শ ও সমন্বয় প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বিশ্বব্যাপী পুঁজিবাজার একটি সংবেদনশীল বাজার হিসাবে স্বীকৃত। এই ধারাবাহিকতায় বাংলাদেশের পুঁজিবাজারও অত্যন্ত সংবেদনশীল। এ কারণে বিভিন্ন ব্যক্তি, প্রতিষ্ঠান ও সংস্থা কর্তৃক পুঁজিবাজার সম্পর্কে সম্যকভাবে অবহিত না হয়ে বিভিন্ন বক্তব্য ও মন্তব্য প্রদানের ফলে বাজার প্রভাবিত হওয়ার এবং বাজারে অস্থিরতা সৃষ্টির আশঙ্কা থাকে। এ কারণে পুঁজিবাজার সংক্রান্ত সিদ্ধান্ত/বক্তব্য দেয়ার ক্ষেত্রে সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের সাথে আলোচনা, পরামর্শ ও সমন্বয় প্রয়োজন।

০২। এমতাবস্থায়, পুঁজিবাজারকে প্রভাবিত করতে পারে এমন নিম্নোক্ত বিষয়সমূহে সিদ্ধান্ত/বক্তব্য প্রদানের ক্ষেত্রে নিয়ন্ত্রক সংস্থা হিসেবে সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের সাথে আলোচনা/সমন্বয়/পরামর্শ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হ'লঃ

- সরকারী কোম্পানির বা কোন কোম্পানির সরকারী শেয়ার পুঁজিবাজারে আসা না আসা সংক্রান্ত বিষয়;
- জাতীয় বাজেটে পুঁজিবাজার সংক্রান্ত যে কোন কর প্রস্তাব, ব্যাখ্যা, বিশ্লেষণ;
- জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক পুঁজিবাজার সংক্রান্ত যে কোন প্রজ্ঞাপন বা নীতি;
- পুঁজিবাজার বা তৎসংশ্লিষ্ট যে কোন বিষয় সংক্রান্ত কেন্দ্রীয় ব্যাংকের যে কোন প্রজ্ঞাপন বা নীতি;
- পুঁজিবাজারের বিভিন্ন স্টেকহোল্ডার, যেমন-স্টক এক্সচেঞ্জ, সিডিবিএল, ডিপোজিটরি অংশগ্রহণকারী, ব্রোকার, ডিলার, মার্চেন্ট ব্যাংক ও এ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি-এর পুঁজিবাজার সংশ্লিষ্ট বিষয়ে- কোন সংস্থা/কর্তৃপক্ষ/সরকারী প্রতিষ্ঠানের যে কোন প্রজ্ঞাপন বা নীতি;
- সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা বা কর্মচারীদের পুঁজিবাজারে বিনিয়োগ করা বা না করা সংক্রান্ত যে কোন প্রজ্ঞাপন বা নীতি;
- তথ্য ভিত্তিক নয়, শুধুমাত্র অনুমানের ভিত্তিতে মিডিয়াতে সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তাদের কোনরূপ মন্তব্য;
- কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের শেয়ার বাজারে কোন উদ্যোগ নেয়া সম্পর্কিত তথ্য-যা পুঁজিবাজার নিয়ন্ত্রণকারী সংস্থার নীতিগত সিদ্ধান্তের প্রয়োজন।

22 FEB 2012

  
(মোঃ নাসির উদ্দিন আহমেদ)  
উপ-সচিব  
৭১৬২৮৯৮

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
০২. মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (সংশ্লিষ্ট সকলকে অবহিত করার অনুরোধসহ)।
০৪. সিনিয়র সচিব, ----- (সকল) বিভাগ/মন্ত্রণালয়, ঢাকা।
০৫. সচিব, ----- (সকল), বিভাগ/মন্ত্রণালয়, ঢাকা।
০৬. চেয়ারম্যান, সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা(পুঁজিবাজার সংশ্লিষ্ট সকলকে অবহিত করার অনুরোধসহ)।
০৭. ব্যবস্থাপনা পরিচালক, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ, ঢাকা।